



মূল সংগঠন

৭ম টোকিও বৈশাখী মেলা স্মরণিকা

সংগঠনের নাম: জাপান বাংলাদেশ সোসাইটি (জে বি এস) Japan Bangladesh Society (JBS)

সংগঠনের মূল লক্ষ্য ও উদ্দেশ্য:

- জাপান ও বাংলাদেশের মধ্যে স্বাস্থ্য, শিক্ষা ও সাংস্কৃতিক অঙ্গনে একটি সুদৃঢ় সেতুর মতো সংযোগ স্থাপন করে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করা।
- জাপানসহ বহির্বিশ্বে বাংলাদেশকে সঠিক আঙ্গিকে তুলে ধরা।
- জাপানে প্রবাসী বাংলাদেশীদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যায় সহযোগিতা করা ও পরামর্শ দেওয়া।
- একটি অরাজনৈতিক, অলাভজনক ও ধর্মনিরপেক্ষ সংগঠন হিসাবে এর স্বকীয়তা বজায় রাখা।

সংগঠনের বিভিন্ন কার্যক্রম:

- বাংলাদেশে দুঃস্থ রোগীদের কল্যাণে প্রতিষ্ঠিত জাপান বাংলাদেশ হাসপাতালের কার্যক্রমকে অব্যাহত রাখার জন্য সার্বিক সহযোগিতা প্রদান করা, বিশেষ করে হাসপাতালের জন্য তহবিল সংগ্রহ করা।
- জাপান সহ বহির্বিশ্বে বাংলাদেশকে সঠিক আঙ্গিকে তুলে ধরার লক্ষ্যে টোকিও বৈশাখী মেলার উদ্যোগ নেওয়া, তার ব্যবস্থাপনা করা ও মেলার অন্যান্য আয়োজক সংগঠনের সাথে একত্রিত হয়ে মেলার আয়োজন করা।
- জাপানের বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যৌথ সহযোগিতায় বাংলাদেশীদের জন্য স্কলারশীপের ব্যবস্থা করা।
- জাপানীদের মাঝে বাংলাদেশের ব্যাপারে আরো আত্মস্থ সৃষ্টি করার লক্ষ্যে, বাংলাদেশ স্টাডি ট্যুর এর আয়োজন করা।

যোগাযোগ: 65-1 Oyama Nishicho, Itabashi-ku, Tokyo173-0033, Japan, <http://www.japanbangladesh.com>



জাপান বাংলাদেশ হাসপাতাল (JBH)

জাপান বাংলাদেশ হাসপাতাল বাংলাদেশের খুলনা শহরে অবস্থিত একটি জনকল্যাণমূলক ও সম্পূর্ণ অলাভজনক দাতব্য চিকিৎসা কেন্দ্র। এটি যে অলাভজনক, তা সরাসরি কেন্দ্রের সাইনবোর্ডে ঘোষণা দেওয়া হয়েছে। জাপান বাংলাদেশ সোসাইটির সদস্যবৃন্দ ও খুলনা শহরের কিছু স্বৈচ্ছাসেবকদের নিঃস্বার্থ আত্মত্যাগের ফলশ্রুতিতে ১৯৯৮ সালে এই হাসপাতালটি প্রতিষ্ঠিত হয়। প্রথমে শুধু বহির্বিভাগ দিয়েই হাসপাতাল শুরু। পরবর্তীতে প্যাথলজী, এক্স-রে, ই.সি.জি, আল্ট্রাসোনোগ্রাম ইত্যাদি বিভাগ খোলা হয়। হাসপাতালের কার্যক্রম হচ্ছে খুলনা শহরের গরীব রোগীদের নামমাত্র মূল্যে (মাত্র দশ টাকা) চিকিৎসা সেবা প্রদান করা। যারা এই নূন্যতম অর্থ প্রদান করতেও অক্ষম, তাদের বিনামূল্যে চিকিৎসাপত্র প্রদান করা হয়। এই চিকিৎসা কেন্দ্রটির আয়ের কোনো উল্লেখযোগ্য উৎস না থাকলেও এর দাতব্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য একটি বড় অংকের অর্থ ব্যয় হয়। বর্তমানে এই ব্যয়ভারের অধিকাংশই ব্যক্তিগতভাবে বহন করে চলেছেন- হাসপাতালের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। প্রাথমিক অবস্থায়- টোকিওতে অবস্থিত এন.পি.ও, জাপান বাংলাদেশ সোসাইটি ও অন্যান্য কিছু সংগঠন এই দাতব্য চিকিৎসাকেন্দ্রটিকে উল্লেখযোগ্য আর্থিক সহযোগিতা দিতে পেরেছিলো। পরবর্তীতে জাপানের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার অবনতির সাথে সাথে সেই সাহায্য উল্লেখযোগ্য ভাবে কমে যায়। সেই সূত্রেই, জাপান বাংলাদেশ সোসাইটি ২০০০ সাল থেকে ইকেবুকুরোর নিশিগুচি পার্কে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে বৈশাখী মেলা করার উদ্যোগ নেয়, যার নেপথ্য উদ্দেশ্য হলো বাংলাদেশে অবস্থিত দাতব্য চিকিৎসা কেন্দ্র, জাপান বাংলাদেশ হাসপাতালের জন্য তহবিল সংগ্রহ করা। এ যাবত কাল হাসপাতালের দুঃস্থ রোগীদের জন্য যারা ডোনেশন দিয়েছেন তাদের প্রতি জাপান বাংলাদেশ সোসাইটি ও জাপান বাংলাদেশ হাসপাতাল কৃতজ্ঞ। বরাবরের মতো এবারেও দাতব্য চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ডোনেশন এর জন্য আবেদন জানানো যাচ্ছে।

আপনার ডোনেশন সংগ্রহের লক্ষ্যে মেলা পরিচালনা কমিটির স্টলে চ্যারিটি বক্স রাখা হয়েছে।

এছাড়া নিম্নলিখিত ব্যাংক একাউন্টেও আপনার অনুদান পাঠাতে পারেন। ধন্যবাদ।

Bank Account

Tokyo-Mitsubishi UFJ Bank (Oyama Branch)
Account No: 1614964, Account Holder: JBS

Postal Account

Yubin Furikae Koza
Account No: 00160-1-16608, Account Holder: JBS

Root Organization

